সংবাদ

তারিখ ... 29 JAN 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি বাণিজ্য প্রমাণিত হলেই ব্যবস্থা

## –দুদক চেয়ারম্যান

**প্রতিনিধি, নারায়ণগঞ্জ**

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে যাতে অতিরিক্ত ফি আদায় বা ভর্তি বানিজ্য না হয় সেজন্য দুদকের টিম গঠন করা হয়েছে। যেসব স্কুলের বিরুদ্ধে এসব অভিযোগ রয়েছে সেসব স্কুলকে পর্যবেক্ষন করা হচ্ছে। এখনও সব স্কুলে ভর্তি শেষ হয়নি। ভর্তি শেষ হলে যেসব স্কুলের বিরুদ্ধে অতিরিক্ত ফি আদায় ও ভর্তি বাণিজ্যের অভিযোগ প্রমাণিত হবে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। তিনি বলেন, দেশের সবচেয়ে বড় সমস্য এখন শিক্ষার সমস্যা। দেশে এখন স্কুল-কলেজে অবকাঠামোর সমস্যা অনেকটাই সমাধান করা গেছে। কিন্তু যে সমস্যা প্রকট সেটি হচ্ছে স্কুল-কলেজে স্ব-শিক্ষিত মানুষ তৈরি হচ্ছে না। জিপিএ-৫ বা গ্রেড শিক্ষা না। এদেশে এইচএসসি, ডিগ্রি, মাস্টার্স পাস লোকের অভাব নেই। কিন্তু শিক্ষিত মানুষের অভাব। অনেক শিক্ষিত মানুষ ঘুরে কিন্তু চাকরি পায়না। কারণ তারা যা শিখেছে তা তারা নিজের জীবনে কাজে লাগাতে পারেনা। জিপিএ-৫ পেলে জ্ঞান অর্জন হয়না। যেটুকু শিখলাম সেটুকু নিজের জীবনে কাজে লাগানোটা শিক্ষা।

শুক্রবার সন্ধ্যায় নারায়ণগঞ্জ শহরের ভূঁইয়ারবাগ এলাকায় অবস্থিত বিদ্যানিকেতন হাইস্কুলের ১০ বছর পূর্তি উৎসব অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ও বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। বিদ্যানিকেতন হাই স্কুল পরিচালনা পরিষদের সভাপতি কাশেম হুমায়ুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দুদকের মহাপরিচালক ড. সামছুল আরেফিন, নারায়ণগঞ্জের জেলা প্রশাসক রাব্বি মিয়া ও স্কুলের পরিচালনা পরিষদের সদস্য সচিব দেলোয়র হোসেন চুন্নু। দুদকের চেয়ারম্যান এর আগে স্কুলের ডিজিটাল বোর্ড পরিদর্শন করেন।